



কালিয়ায় জোট নেতার স্কুল দখল ॥ জাতীয় পতাকার অবমাননা

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥ নড়াইলের কালিয়ায় শিশু বিদ্যালয়কেতনু নামের এক কিন্ডারগার্টেন স্কুল জোটের এক নেতা দখল করে নিয়েছে। স্কুল চত্বরে উড়তে থাকা জাতীয় পতাকাটি নামিয়ে ফেলে দখলকারী ব্যক্তিটির সান্দ্রোপাসরা সেখানে একটি লাল কাপড় টানিয়ে দিয়েছে। মঙ্গলবার এই ঘটনাটি ঘটেছে। জোট নেতা আফজাল হোসেন শেখ মঙ্গলবার বেলা ১১টা সাড়ে ১১টার দিকে তার সান্দ্রোপাসদের নিয়ে স্কুলে চড়াও হয়। তখন ক্লাস চলছিল। এতে শিক্ষার্থীরা ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে। জোট নেতা ঘোষণা করেন এই জায়গায় তার জমি নিয়ে মামলা চলছিল। দু'দিন আগে জোট নেতা তার পক্ষে আদালতের রায় পেয়েছেন। রায়ের কথা বলে অতর্কিত আক্রমণে স্কুলের জায়গা দখল এবং জাতীয় পতাকা অবমাননার ঘটনায় এলাকায় ক্ষোভের সঞ্চার হয়েছে।